তারিখ 08 JAN 2016
কলাম

লক্ষ্য পরীক্ষায় ভালো ফল

# শিক্ষার্থীদের বাড়ি বাড়ি শিক্ষকদের অভিযান

**প্রতিনিধি, রূপগঞ্জ (নারায়ণগঞ্জ)**

শিক্ষকদের এক অন্যরকম অভিযানের খবর পাওয়া গেছে। সন্ধ্যার পর থেকে রাত ১২টা পর্যন্ত প্রতিদিন শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে হঠাৎ হঠাৎ এ অভিযান চালাচ্ছেন শিক্ষকরা। আসছে এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল করার লক্ষ্যে এ অভিযানে নেমেছেন রূপগঞ্জ উপজেলার দাউদপুর পুটিনা উচ্চ বিদ্যালয় ও বরাব এলাকার এখলাছ উদ্দিন ভূঁইয়া স্কুল অ্যান্ড কলেজের শিক্ষকরা। দাউদপুর পুটিনা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে এম সলিমুজ্জামান ও এখলাছ উদ্দিন ভূঁইয়া স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা সভাপতি লায়ন মোজাম্মেল হক ভূঁইয়ার নেতৃত্বে দল বেঁধে শিক্ষকরা ছুটছেন শিক্ষার্থীদের বাড়ি বাড়ি। এসময় শিক্ষকরা অভিবাবকদের নানা পরামর্শ দিচ্ছেন। তারা শিক্ষার্থীদের পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত মোবাইল ফোন, ফেসবুক ও টিভি দেখা থেকে বিরত থাকার আহ্বান জানাচ্ছেন।

শিক্ষককে এম সলিমুজ্জামান ও লায়ন মোজাম্মেল হক ভূঁইয়া বলেন, এই শীতের মধ্যে আমরা বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নিচ্ছি ছাত্রছাত্রীরা ঠিক মতো লেখা পড়া করছে না। পড়ালেখা করতে কারো কোন সমস্যা হচ্ছে কি-না। তাছাড়া অভিবাবকদের সঙ্গে কথা বলে বিভিন্ন পরামর্শ দেওয়া হচ্ছে। কিভাবে শিক্ষার্থীরা ভালো ফলাফল করতে পারবে। তারা আরও বলেন, নিয়মিতভাবে এসএসসি পরীক্ষা সামনে এলেই এ কাজটি আমরা করে থাকি। শিক্ষকরাও চায় স্কুলের প্রতিটি শিক্ষার্থী যেন ভালো ফলাফল করে এবং শিক্ষাপ্রতিষ্ঠানের সুনাম রাখে।